

## হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের সচিব শ্রী বিষ্ণু কুমার সরকার

শ্রী বিষ্ণু কুমার সরকার গত ১২ মার্চ ২০১৯ তারিখে হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের সচিব পদে ধর্ম মন্ত্রণালয়ে যোগদান করেন। তিনি ১৯ মার্চ ২০১৯ তারিখে সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের দায়িত্বভার গ্রহণ করেন। সচিব পদে অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত জনাব রঞ্জিত কুমার দাস (অতিরিক্ত সচিব) এর নিকট হতে তিনি সচিবের দায়িত্ব গ্রহণ করেন।

শ্রী বিষ্ণু কুমার সরকার ১৯৭০ সনের ১৪ আগস্ট নাটোর জেলার বাবৈহাটি গ্রামে জন্ম গ্রহণ করেন। তার পিতা শ্রী সন্তোষ নারায়ণ সরকার, মাতা শ্রীমতি মায়া রাণী সরকার। তিনি রাজশাহী ইউনিভারসিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনলজি (রয়েট) হতে ১৯৯২ সনে ব্যাচেলর অব সায়েন্স ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং ২০১৫ সালে বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্ন্যান্স এন্ড ডেভলপমেন্ট, ব্রাক বিশ্ববিদ্যালয় হতে মাস্টার্স অব আর্টস ইন গভর্ন্যান্স এন্ড ডেভলপমেন্ট ডিগ্রি অর্জন করেন।

তিনি অষ্টাদশ বাংলাদেশ সিভিল সার্ভিস (১৮'শ বিসিএস) এর মাধ্যমে ১৯৯৯ সালের ২৫ জানুয়ারী ক্যাডার কর্মকর্তা হিসাবে সরকারি চাকুরীতে যোগদান করেন। সরকারের উপসচিব হিসাবে তিনি ২০১৮ সনের ২০ ফেব্রুয়ারী জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদান করেন। কর্মজীবনে তিনি প্রধানমন্ত্রীর দপ্তরের বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, খাদ্য মন্ত্রণালয়ের খাদ্য অধিদপ্তর, খাদ্য অধিদপ্তরের সকল সাইলো, সরকারী আটা ও পশুখাদ্য মিল, ঢাকা, মংলা সাইলো নির্মাণ প্রকল্পে দায়িত্ব পালন করেন। সরকারী ক্যাডার চাকুরীর পূর্বে তিনি শিক্ষাবোর্ড কম্পিউটার কেন্দ্র, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর সহকারী প্রোগ্রামার (কম্পিউটার) এবং প্রোগ্রামার (কম্পিউটার); জুনিয়র কন্সালটেন্ট (এইচভিএসি), সিএমপিএস এন্ড এফ, অস্ট্রেলিয়া এবং কন্সালটেন্ট ইঞ্জিনিয়ার, এভিই ইঞ্জিনিয়ার্স এন্ড কন্সালটেন্ট লিঃ, ঢাকা হিসাবে দায়িত্ব পালন করেন।

তিনি দেশে-বিদেশে অনেক প্রশিক্ষণ ও সম্মেলনে অংশগ্রহণ করেন। তিনি সরকারি কাজে যুক্তরাজ্য, সিংগাপুর, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, ভিয়েতনাম, ফিলিপাইন, ভারত ও নেপাল সফর করেন।

তিনি ইতিবাচক দৃষ্টিভঙ্গি সম্পন্ন জনকল্যাণ মুখী সরকারি কর্মচারী। সরকারি সেবার মাধ্যমে এদেশের গরীব, দুঃখী মানুষের মুখে হাসি ফোটানোই তার জীবনের লক্ষ্য।